গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, সাতক্ষীরা ।
www.dae.satkhira.gov.bd

## মাসিক বিভাগীয় সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. মোঃ জামাল উদ্দীন
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, সাতক্ষীরা।
স্থান : প্রশিক্ষণ কক্ষ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, সাতক্ষীরা।
তারিখ : ১৮ ডিসেম্বর ২০২২ খ্রি.।
সময় : সকাল ১১:০০ টা।
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পৃথক রেজিষ্টারে সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়;

| ক্রঃ নং | আলোচনার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ফসল আবাদ ও উৎপাদন :<br>বর্তমানে রবি মৌসুমে চলছে। ইতিমধ্যে বোরো, সরিষা ও সূর্যমুখীসহ সকল ফসলের আবাদ ও উৎপাদনের লক্ষ্যমাত্রা স্ব-স্ব উপজেলায় প্রেরণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নে ফসল উৎপাদনের আধুনিক প্রযুক্তি ব্যবহারসহ সব ধরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। ফসল আবাদের চুড়ান্ত প্রতিবেদন উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার যৌথ স্বাক্ষরে প্রেরণ করা প্রয়োজন। | ১। লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। তেল ফসল আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য বীজ শোধন, সুষম সার ব্যবহার ও বালাই দমন নিশ্চিত করতে হবে।<br>৩। ফসল আবাদের চুড়ান্ত প্রতিবেদন উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার যৌথ স্বাক্ষরে প্রেরণ করতে হবে।<br>৪। সূর্যমুখী ১০০% লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। বোরো আবাদ ও উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের জন্য বীজ শোধন, সঠিকভাবে বীজতলা তৈরি, সঠিক বয়সের চারা রোপন ও বালাই দমন করতে হবে। | ইউএও |
| ২ | সার ব্যবস্থাপনা কার্যক্রম :<br>প্রত্যেক ডিলারদের অনুকুলে বরাদ্দকৃত সমুদয় সার নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করে কৃষক পর্যায়ে সার সরকার নির্ধারিত মূল্যে বিতরণ নিশ্চিত করা এবং ইউরিয়া ও নন-ইউরিয়া সার বরাদ্দ, উত্তোলন ও বিতরণ সংক্রান্ত যাবতীয় তথ্য নির্ধারিত ছকে রেজিস্টারে সব সময় হালনাগাদ রাখার নির্দেশনা দেয়া হচ্ছে। বিসিআইসি ও বিএডিসি সার ডিলার এবং খুচরা সার বিক্রেতার দোকানে/বিক্রয় কেন্দ্রে ক্যাশ মেমো, বিক্রয় রেজিস্টার, মজুদ রেজিস্টার হালনাগাদ রাখা এবং লাল শালু ব্যানারে নির্ধারিত মূল্য তালিকা ঝুলানোর বিষয়টি নিশ্চিত করা আবশ্যক। চলতি রবি মৌসুমে বোরো, ডাল, তেল ও মসলাসহ সকল ফসলে সুষম সার ব্যবহারের প্রস্তুতি গ্রহণ করা দরকার।সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সকল বিক্রয় কেন্দ্রে নির্ধারিত মূল্য তালিকা থাকতে হবে।<br>২। সাইনবোর্ড ও রেজিস্টার একই ধরণের হতে হবে।<br>৩। ক্যাশ মেমোর মাধ্যমে বিক্রয় নিশ্চিত করতে হবে।<br>৪। রোস্টার ডিউটি প্রদানের মাধ্যমে এসএএওদেরকে সার্বক্ষণিক সার বিক্রয় কেন্দ্রে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>৫। আগমনী বার্তা পাওয়ার সাথে সাথে বিক্রয় অনুমতি প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৬। জেলায় সারের কোন ঘাটতি হবে না, এ বিষয়ে জনসাধারণকে সচেতন করতে হবে এবং সার সংক্রান্ত কোন নেতিবাচক মন্তব্য মিডিয়াতে প্রচার যাতে না হয়, সেদিকে সকলকে সবসময় লক্ষ্য রাখতে হবে।<br>৭। সার মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে এবং ভ্রাম্যমান আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা কার্যক্রম অব্যাহত থাকবে। | ইউএও<br>এএও<br>এইও<br>এএইও<br>এসএএও |

চলমান.............০২

| ক্রঃ নং | আলোচনার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্পত্তি সংরক্ষণ :<br>কৃষি বিভাগীয় সম্পত্তি সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কোন অবস্থায় বিভাগীয় সম্পত্তি যাতে বেদখল না হয়, সে বিষয়ে নজরদারী এবং বেদখলী জমি উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কৃষি বিভাগীয় সম্পত্তি সংক্রান্ত তথ্য শুধুমাত্র তালা, দেবহাটা ও আশাশুনি উপজেলা সঠিক সময়ে প্রদান করেছেন। বাকী উপজেলাকে ভৎসনা করা হয় এবং পরবর্তী তারিখ নির্ধারণ করা হয়। | ১। তালা, দেবহাটা ও আশাশুনি উপজেলা ব্যতিত অন্যান্য উপজেলা আগামী ০৮/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সকল বিভাগীয় সম্পত্তির তথ্য সরবরাহকৃত ছক মোতাবেক যথাসময়ে প্রেরণ করতে হবে।<br>২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রবীন ব্যক্তি, পার্শ্ববর্তী জমির মালিকদের সাথে আলাপ করে বস্তুনিষ্ঠ তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩। সংশ্লিষ্ট দপ্তর থেকে বিভাগীয় সম্পত্তির দলিল, মিউটেশনের কপি, খাজনা দাখিলা, মৌজা ম্যাপ, সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার হোল্ডিং ট্যাক্স ইত্যাদি কাগজপত্রাদী সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে। | ইউএও |
| ৪ | চলমান প্রকল্পের কার্যক্রম :<br>চলতি মৌসুমে চলমান বিভিন্ন প্রকল্পের প্রদর্শণী বাস্তবায়ন, প্রশিক্ষণ, মাঠ দিবস এবং ফসলওয়ারী প্রদর্শণীর বীজ সংরক্ষণসহ নির্ধারিত সকল কার্যক্রম যথাসময়ে নির্দেশনা মোতাবেক সম্পন্ন করে অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ এবং প্রকল্পভিত্তিক সকল তথ্য রেজিষ্টারে সংরক্ষণ করা প্রয়োজন। | ১। প্রশিক্ষণ/মাঠ দিবস অনুষ্ঠানের অন্ততঃ ৭ দিন পূর্বে উপপরিচালক, ডিএই, সাতক্ষীরা এবং প্রকল্প পরিচালককে অবহিত করতে হবে।<br>২। প্রদর্শনী স্থাপনের সময় অবশ্যই সংশ্লিষ্ট ব্লকের এসএএও ও এইও'কে উপস্থিত থেকে কৃষককে প্রদর্শনী বাস্তবায়নের উদ্দেশ্য সঠিকভাবে অবহিত করতে হবে।<br>৩। নিয়মিত পরিদর্শন, স্থির চিত্র ও ভিডিও ধারণ ও সংরক্ষণ করতে হবে।<br>৪। চলমান প্রকল্প/কর্মসূচির সকল কার্যক্রম নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে হবে এবং সকল হালনাগাদ তথ্য রেজিস্টারে সংরক্ষণ করে প্রতিবেদন ছবিসহ প্রেরণ করতে হবে।<br>৫। পরবর্তী মিটিং এ কর্মকান্ড উপস্থাপনের সিদ্দান্ত গৃহীত হয়। | ইউএও |
| ৫ | ৪% হারে কৃষি ঋণ :<br>নির্ধারিত নীতিমালা অনুসরণ করে মৌসুমওয়ারী বিভিন্ন ফসলের উপর ৪% হারে ব্যাংক কৃষকদের ঋণ প্রদান করে। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটিরি সভায় অংশগ্রহণ করে ৪% হারে ঋণ প্রদানের বিষয়টি তদারকি করা দরকার। প্রকৃত কৃষক এ ঋণ থেকে বঞ্চিত হচ্ছে কিনা, সে বিষয়টিও নজরদারি করা আবশ্যক। | ১। প্রকৃত কৃষককে ৪% হারে কৃষি ঋণ প্রাপ্তিতে সার্বিক সহায়তা করতে হবে এবং ফসল ও ব্যাংকওয়ারী চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা ও ডিসেম্বর/২০২২ মাস পর্যন্ত ঋণ বিতরণের তথ্য আগামী সভার পূর্বে প্রেরণ করতে হবে।<br>২। কৃষককে এ বিষয়ে অবহিত ও সার্বিক সহযোগীতা করতে হবে।<br>৩। ছক অনুযায়ী কৃষকের তালিকা (১০০ জন প্রতিব্লকে) প্রস্তুত পূর্বক উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করে অবহিত করতে হবে। | ইউএও |
| ৬ | ফসলের বালাই ব্যবস্থাপনা :<br>চলতি মৌসুমে রোপা আমন আবাদ শেষ পর্যায়ে। রোপা আমন ফসলে শতভাগ পার্চিং ও নিয়মিত আলোক ফাঁদ স্থাপনের মাধ্যমে মাঠ মনিটরিং কার্যক্রম জোরদার করা আবশ্যক। জেলার আবাদকৃত রোপা আমন ফসলে বালাই ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন করা প্রয়োজন। চলতি রবি মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে বালাই ব্যবস্থাপনার বিষয়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। রোপা আমন ফসলে শতভাগ পার্চিং ও প্রতিদিন প্রতি ব্লকে এসএপিপিও এবং এসএএও এর উপস্থিতিতে আলোক ফাঁদ স্থাপন করে ছবিসহ প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে।<br>২। গম, ডাল, তেলসহ অন্যান্য ফসলের বীজ শোধন করে বপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। প্রতিষ্ঠানের অনাবাদি জমির তালিকা প্রস্তুত পূর্বক কর্মপরিকল্পনা নির্ধারণ করে চাষের আওতায় আনতে হবে। | ইউএও<br>এইও<br>এসএপিপিও |

চলমান.............০৩

| ক্রঃ নং | আলোচনার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭। | প্রতিবেদন প্রেরণ: উপজেলা কৃষি অফিসারগণ ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে প্রতিদিন ডিএই এর ওয়েব সাইট (www.dae.gov.bd) ভিজিট করা ও নোটিশ বোর্ড দেখা, মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয় কর্তৃক নির্দেশনা সঠিক ভাবে বাস্তবায়ন করা এবং নিয়মিত ই-মেইল চেক করে রিপোর্ট রিটার্ন সঠিক সময়ে প্রেরণের বিষয়ে ব্যাপক আলোচনা হয়। | ১। প্রতিদিন ডিএই এর ওয়েব সাইট (www.dae.gov.bd) ভিজিট করা ও নোটিশ বোর্ডে মহা-পরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকা মহোদয় কর্তৃক নির্দেশনা সঠিক ভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২। নিয়মিত উপজেলা কৃষি অফিসার এবং এইও কর্তৃক ই-মেইল চেক করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। রোপা আমন ফসল কর্তনে উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাদের উপস্থিতিতে ফসল কর্তন করে তার ছবি তুলে রাখতে হবে। ফসল কর্তনে জনপ্রতিনিধি এবং জেলা অফিসের কর্মকর্তাদের রাখাতে হবে।<br>৪। সার, বৃষ্টিপাত ও আবাদ আবাদের তথ্যসহ যে সকল রিপোর্ট নিয়মিত দিতে হয়, সেগুলোর তথ্য সংরক্ষণ করতে হবে এবং সময়মত প্রদান করতে হবে।<br>৫। সকল রিপোর্ট সঠিক সময়ে প্রেরণ করতে হবে। | ইউএও<br>এইও |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/১২/২০২২

(ড. মোঃ জামাল উদ্দীন)
পরিচিতি নং-১৮৬২
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, সাতক্ষীরা

স্মারক নং : ১২.০১.৮৭০০.০০৩.০০.০১৯.২২.২০২২.১৫৯২

তারিখঃ ১৮ডিসেম্বর ২০২২ খ্রি.।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক (মনিটরিং), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
৫। অতিরিক্ত উপপরিচালক (শস্য/পিপি),অত্র দপ্তর।
৬। উপজেলা কৃষি অফিসার...............................(সকল), সাতক্ষীরা।
৭। কৃষি প্রকৌশলী, অত্র দপ্তর।